জনাব মোঃ জহুরুল হক ১৯৫৫ সালের ০৫ই ডিসেম্বর জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার চর গোলাবাড়ী গ্রামের এক সম্রান্ত পরিবারে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা মৃতঃ রুম্ভম আলী সরকার একজন ব্যবসায়ী ও সমাজসেবক ছিলেন।তাঁর মাতা মৃতঃ জমিলা বেগম গৃহীনি ছিলেন।

## পডালেখাঃ

তিনি ১৯৭১ সালে মাদারগঞ্জ উপজেলার পলিশা উচ্চ বিদ্যালয় থেকে এস এস সি এবং ১৯৭৩ সালে সরকারী আশেক মাহমুদ কলেজ, জামালপুর থেকে এইচ এস সি পাশ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ হতে ১৯৮০ সালে স্নাতক(সম্মান) ডিগ্রী এবং ১৯৮১ সালে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন।

## কর্ম জীবন:

জনাব মোঃ জহুরুল হক ১৯৮৩ সালে ২০ই এপ্রিল সহকারী জজ হিসেবে চাকুরীতে যোগদান করেন। কর্মজীবনে তিনি সিরাজগঞ্জ, মৌলভীবাজার, নেএকোনা ও নারায়ণগঞ্জসহ বিভিন্ন জেলায় জেলা ও দায়রা জজ হিসেবে দায়িত্ব পালন করেন এবং ২০১০ থেকে ২০১৪ সালের ০৪ই ডিসেম্বর পর্যন্ত ঢাকা মহানগর দায়রা জজ ( সিনিয়র জেলা জজ) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১৪ সালের ৪ ডিসেম্বর অবসর গ্রহণ করেন। পরবর্তীতে ২০১৫ সালের ৩০শে আগস্ট বাংলাদেশ টেলিযোগযোগ নিয়ন্ত্রণ কমিশনের কমিশনার পদে যোগদান করেন এবং ২০১৮ সালের ৭ই মে কমিশনের ভাইস-চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পান, ঐ একই বছরের ১৩ই মে থেকে ভারপ্রাপ্ত চেয়ারম্যান হওয়ায় একই সাথে কমিশনার (লিগ্যাল এন্ড লাইসেন্সিং), ভাইস-চেয়ারম্যান ও চেয়ারম্যান এই তিনটি দায়িত্ব পালন শুরু করেন। ২০১৯ সালের ৩১ জানুয়ারি থেকে ২০২০ সালের ০৪ ডিসেম্বর পর্যন্ত তিনি বাংলাদেশ টেলিযোগযোগ নিয়ন্ত্রণ কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০২১ সালের ১০ মার্চ হতে দুর্নীতি দমন কমিশনের কমিশনারের দায়িত্ব পালন করছেন।

## বিদেশ ভ্রমণঃ

তিনি প্রশিক্ষণ, বিচার বিভাগীয় সেবা এবং বিটিআরসি এর ঊর্ধ্বতন কর্মকর্তা হিসেবে সুঁইজারল্যান্ড, ইংল্যান্ড, চীন, মালায়েশিয়া, থাইল্যান্ড, সৌদি-আরব, ভারত, নেপাল, হংকং,যুক্ত্ররাস্ট্র, জাপান সহ পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করেন।

## পারিবারিক জীবনঃ

জনাব মোঃ জহুরুল হক এর সহধর্মিনী মাছুদা বেগম মনোবিজ্ঞানের অবসরপ্রাপ্ত অধ্যাপক। তিনি ঢাকা কলেজের মনোবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ছিলেন। জনাব মোঃ জহুরুল হক এক পুত্র এবং এক কন্যা সন্তানের জনক। তাঁর পুত্র জনাব মহিদউল হক (উদয়) ট্যাক্স, ভ্যাট এবং কাস্টমস উপদেস্টা এবং কন্যা মিস জেরিন তাসনিম (উর্বি) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যায়নরত।